

শ্রীশ্রীহরি সঙ্গীত

- ৩। হরি নামামৃত অবিরত, পান করে যে ব'সে।
 হ'য়ে নামে রুচি সর্বশুচি, নেচে বেড়ায় বেহাল বেশে ॥
- ৪। হ'য়ে নামে নিপুণ, নিদ্রা মৈথুন, তাড়িয়েছে দ্বেষ্ দিশে ॥
- ৫। মহানন্দ পাগলা ছন্দ, প্রেম দিয়ে কাম নাশে।
 অশ্বিনী তুই রইলি ভুলে, হরিপ্রেম ঘটল না তোর কর্মদোষে ॥

৯৯ নং তাল-ঠুংরী

বড় ভাবর লাগায়ে গেলি মনে।

প্রেমে তনু ডগমগ ধারা বয় নয়নে রে ॥

- ১। তোর ভাবনা ভেবে মরি, ধৈর্য হ'তে নাহি পারি।
 কি করিতে কি না করি, ভাবি নিশি দিনে (রে) ॥
- ২। তোর ভাবনা যার অন্তরে, সে কি ঘরে রইতে পারে।
 তার দিবানিশি পরাণ পোড়ে, তোর ভাবনা গুণে রে ॥
- ৩। তোর ভাবনা বক্রগতি, মানুষ করে ছন্নমতি।
 তার হৃদয়ে জ্বলে বিষের বাতি, প্রবোধ নাহি মানে রে ॥
- ৪। ভাবনা রোগের হ'ল বৃদ্ধি, কি করিবে মহৌষধি।
 ভাবনা রোগের নাইকো বিধি, আয়ুর্বেদ নিদানে রে ॥
- ৫। মহানন্দের ভাবনানল, হৃদ মাঝারে হ'ল প্রবল।
 অশ্বিনীর মন করে চঞ্চল, ও রূপ অদর্শনে রে ॥

১০০ নং তাল-আড়া

আপন বলিতে আমার, কেউ হ'ল না ভবে।

যারে এত ভালবাসি, সে ও ডুবায় রৌরবে ॥

- ১। যার সুখের আশে, আশাময় আকাশে,
 চাঁদ ধরব বলে উঠিলাম হরিষে।
 সেও করিয়া চল, দিল রসাতল, পরিণামে কি হবে ॥